

দৈনিক

ইনফিলাব

7 JUN. 2023 ...
৭৩১ ... ৪ ... কলাম ... ৬ ...

৫টি প্রশিক্ষণ ইনস্টিটিউটের
শতাধিক কর্মচারী ২৪ মাস
বেতন-ভাতা পাচ্ছেন না

বরিশাল ব্যারো : বরিশালসহ দেশের
৫টি উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ
ইনস্টিটিউটের শতাধিক কর্মচারী বিগত
২৪ মাস যাবৎ কোন বেতন-ভাতা
পাচ্ছেন না। এসব কর্মচারী ও তাদের
পরিবার-পরিজনদের দুঃখবহা এখন সব
বর্ণনার বাইরে। বিষয়টি নিয়ে তারা
প্রধানমন্ত্রীর দৃষ্টিও আকর্ষণ করেছেন।
১৯৯২ সালে বরিশাল ময়মনসিংহ
রাজশাহী, ঝুলনা ও কুমিল্লাতে সরকার
৫টি উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ
ইনস্টিটিউট স্থাপন কাজ শুরু করে।
এসব ইনস্টিটিউটের প্রতিটিতে ৫৮ জন
কয়ে কর্মচারী নিয়োগ করা হয় উন্নয়ন
খাতের বিপরীতে। পরবর্তীতে এসব
ইনস্টিটিউট নির্মাণ প্রকল্প শেষ হওয়ার
পর এদের বেশীরভাগেরই চাকরি আর
রাজস্ব খাতে অন্তর্ভুক্ত করা হয়নি।
এখনও বরিশালসহ ৫টি ইনস্টিটিউটের
শতাধিক কর্মচারীকে রাজস্ব খাতে
আতীকরণ করা হয়নি এবং তার কোন
সম্মাধনাও নেই বলে জানা গেছে।